

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
 (এস.এ শাখা)

www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৫০.৮১০০.০১৫.০৭.০৯১.২০২১.৫২৩ (১১)

তারিখঃ ১১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
 ২৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

“বালুমহালের পুন: ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

ডুমি মন্ত্রণালয়ের ১২/০১/২০১১ খ্রিস্টাব্দের ভূঃমঃ/শা-৩/বিবিধ/(বালুনীতি)-৩৫/২০০৯-১৯ এবং ১৩/০৪/২০১১ তারিখের জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে এবং বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণের নিমিত্ত তালিকাভুক্ত আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে রাজশাহী জেলার নিম্নবর্ণিত বালুমহাটি বাংলা ১৪২৮ (অবশিষ্ট সময় হতে ৩০শে চৈত্র পর্যন্ত) সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে শর্তাবলীর ভিত্তিতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্র: নং	উপজেলার নাম	বালুমহালের নাম	মৌজার নাম, দাগ, খতিয়ান নং ও পরিমাণ	আয়তন	দরপত্র দাখিলের তারিখ	সরকারি সম্ভাব্য মূল্য (টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭
১.	বাঘা	রাজাপুর চক	মৌজার নাম: রাজাপুর চক জেএল নং-১৭৫, খতিয়ান নং-১, দাগ নং-১০০১	৬০.০০ একর	০৮/০৪/২০২১	৬২,৬৬,৫৩০/- বাষটি লক্ষ ছিষটি হাজার পাঁচশত ত্রিশ টাকা


শর্তাবলীঃ

- ০১। তালিকাভুক্ত ঠিকাদার ব্যতীত কেহ বালুমহাল দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না। দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অর্থাৎ ০৭-০৪-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী এর কার্যালয়, জেলা প্রশাসক, রাজশাহী এর কার্যালয়ের এস.এ শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় হতে দরপত্র সংগ্রহ করা যাবে
- ০২। নির্ধারিত তারিখে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে দরপত্রসমূহ বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী এর কার্যালয়, জেলা প্রশাসক, রাজশাহী'র কার্যালয় এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্ছা দরপত্র দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১.১৫ টায় দর দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে
- ০৩। ইজারা দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত দরপত্র ফরম বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী এর কার্যালয়, জেলা প্রশাসক, রাজশাহী'র কার্যালয় এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালীন প্রতিটি বালুমহালের জন্য প্রতিটি দরপত্র নগদ ২,০০০/- (দুই হাজার) টাকা মূল্যে ক্রয় করতে পারবেন। দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না
- ০৪। প্রত্যেক দরপত্রে উল্লিখিত দরের ২৫% ভাগ জামানত হিসেবে জেলা প্রশাসক, রাজশাহী এর অনুকূলে যেকোন তফসিলভুক্ত ব্যাংক হতে বিডি/পিও/ডিডি/সিডি এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। টেন্ডার দাতার নিজ নাম ব্যতীত অন্যের নামের বিডি/পিও/ডিডি/সিডি জামানত হিসেবে গৃহীত হবে না। ইজারার টাকা জমা দেয়ার পর সর্বোচ্চ দরদাতাকে তার দেয়া জামানত ফেরত দেয়া হবে
- ০৫। ইচ্ছুক দরপত্র দাতাকে পৃথক ফরমে ও পৃথক খামে সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। প্রত্যেক দরপত্র ফরমে দরপত্র দাতার নাম ও ঠিকানা সুস্পষ্টভাবে লিখতে এবং স্বহস্তে স্বাক্ষর করতে হবে। প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখতে হবে। কাটাকাটি, ঘষাঘষি বা অস্পষ্ট লেখাযুক্ত দরপত্র বাতিল করা হবে। এক বালুমহালের দরপত্র ক্রয় করে অন্য বালুমহালের নামে দাখিল করা যাবে না। যে নামে দরপত্র ক্রয় করা হবে সেই নাম ব্যতীত অন্য কোন নামে দাখিল করা যাবে না। এক উপজেলার বালুমহালের দরপত্র অন্য উপজেলা হতে ক্রয় করা যাবে না। ক্রয় করলে সরাসরি বাতিল বলে গণ্য হবে
- ০৬। দরপত্রের সঙ্গে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, TIN ও সর্বশেষ আয়কর পরিশোধের প্রমাণপত্র, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, ভ্যাট সার্টিফিকেট, জাতীয় পরিচয়পত্রসহ আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (স্থিতির পরিমাণ উল্লেখসহ) ও অভিজ্ঞতা সনদপত্র দাখিল করতে হবে
- ০৭। প্রতিটি দরপত্রের সঙ্গে আবেদনকারীর সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি সংযোজন করতে হবে
- ০৮। ডেজার/মেশিনের মালিক বা উক্ত মেশিন ভাড়াই সংগ্রহ করার ক্ষেত্রে যার নিকট হতে ভাড়াই আনা হবে তার প্রত্যয়নপত্র
- ০৯। প্রাপ্ত দরপত্রসমূহ বালুমহাল ইজারা প্রদান সম্পর্কিত জেলা কমিটির সভায় যাচাই-বাচাই ও প্রচলিত বিধি বিধান অনুসরণ পূর্বক বালুমহাল ইজারা সম্পর্কে অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে উপযুক্ত একজন দরপত্র দাখিলকারীর ইজারা মঞ্জুরীর নিমিত্ত জেলা কমিটির নিকট সুপারিশ করা হবে



ভূমি সেবা হচ্ছে ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

- ১০। দরপত্র অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ইজারার সমুদয় অর্থ, দরের ৫% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা দেয়া হবে
- ১১। দরপত্রের মাধ্যমে ইজারাকৃত বালুমহালটি কোন ক্রমেই সাবলিজ দেয়া যাবে না। সাবলিজ দিলে ইজারা বাতিল বলে গণ্য হবে
- ১২। ইজারা গ্রহীতা ইজারা সংক্রান্ত বিষয়ে অথবা ইজারার টাকা জমা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সাথে কোন প্রকার প্রতারণা করলে অথবা কোনরূপ শর্ত ভঙ্গ করলে তার টেন্ডার বাতিল করা হবে এবং কর্তৃপক্ষ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন
- ১৩। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন সময়ে ইজারা বিষয়ে কোন নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে
- ১৪। উপরিউক্ত যে কোন শর্ত ভঙ্গ করলে বা পালনে ব্যর্থ হলে ইজারা বন্দোবস্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করা হবে এবং ইজারার সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যেকোন বা সকল টেন্ডার বাতিল বা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন
- ১৫। ইজারা গ্রহণকৃত এলাকা ব্যতীত অন্য কোন এলাকা হতে ইজারাদার বালু উত্তোলন করতে পারবেন না
- ১৬। বাংলা ১৪২৮ সনে ইজারাকৃত বালুমহালসমূহের ইজারা কার্যক্রম অথবা বালুমহালসমূহের দখল হস্তান্তর যে তারিখেই সম্পন্ন হোক না কেন তা বাংলা ১৪২৮ সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারা মেয়াদ হিসেবে গণ্য হবে। পরবর্তীতে ক্ষতির সম্মুখীন হয়েছি মর্মে নিম্নস্বাক্ষরকারীর নিকট অথবা আদালতে ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন করলে তা অগ্রাহ্য হবে
- ১৭। এ অফিসে রক্ষিত অনুমোদিত দাগসূচি এবং হাতনকশার বাইরে বালু উত্তোলন করা যাবে না



আব্দুল জলিল
জেলা প্রশাসক

ও
সভাপতি

জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি,
রাজশাহী।

তারিখঃ ২১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ


স্মারক নং-০৫.৫০.৮১০০.০১৫.০৭.০৯১.২০২১- ৫২৩ (১১)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। চেয়ারম্যান ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী

অনুলিপি অবগতি/কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ৬। সহকারী কমিশনার (ভূমি), বাঘা, রাজশাহী। ইজারায় অংশগ্রহণের বিজ্ঞপ্তি স্থানীয় হাট বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে ঢোলসহরতের মাধ্যমে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। মেয়র, বাঘা/আড়ানী পৌরসভা, রাজশাহী
- ৮। প্রোগ্রামার, আইসিটি শাখা। তাকে বিজ্ঞপ্তি জেলার তথ্য বাতায়নে আপলোড করতে অনুরোধ করা হলো।
- ৯। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ নোটিশ বোর্ডে টাংগাইয়া ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো


শারমিন আখতার
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও

সদস্য সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজশাহী

ফোন নম্বর-০৭২১-৭৭২৩৯৪

ই-মেইল: dcrajshahi@mopa.gov.bd